ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৫৩
আগরতলা, ১৫ অক্টোবর, ২০২৫

**জাতীয় রক্তদান দিবস উপলক্ষ্যে স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে রক্তদান শিবিরের আয়োজন**




স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে নিয়মিত ব্যবধানে কর্মচারীরা রক্তদান করছেন। আজও গোর্খাবস্তিতে স্বাস্থ্য ভবনে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের ভারপ্রাপ্ত অধিকর্তা ডাঃ নির্মল সরকার,রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের সদস্য সচিব ডাঃ বিশ্বজিৎ দেববর্মা প্রমুখ। আজ এই রক্তদান শিবিরকে কেন্দ্র করে কর্মচারীদের মধ্যে উৎসাহ ও উদ্দীপনা লক্ষ্য করা যায় এবং তাদের অনেকেই আগামী দিনে রক্তদান করার জন্য অঙ্গীকারবদ্ধ হন। আজ মোট ২৬ জন স্বেচ্ছায় রক্তদান করেন। স্বাস্থ্য দপ্তর থেকে এ সংবাদ জানানো হয়েছে।

******